করোনা পরিস্থিতিতে সিলেট সীমান্তে ৪৮ বিজিবি’র খাদ্য সহায়তা

চেম্বার ডেস্ক::

বর্তমান করোনা পরিস্হিতিতে সিলেটের কোম্পানিগঞ্জ ও জৈন্তাপুর উপজেলার সীমান্তবর্তী এলাকায় হতদরিদ্র কয়েক শতাধিক পরিবারের মধ্যে খাদ্য সহয়াতা বিতরণ করেছে বিজিবি।
আজ শনিবার (২২মে) সকাল থেকে অসহায় পরিবারদের মধ্যে এ সব খাদ্য সহায়তা প্রদান করা হয়।
বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), সিলেট ব্যাটালিয়ন ৪৮ বিজবি’র উদ্যোগে সিলেটের সীমান্তবর্তী কোম্পানীগঞ্জ এবং জৈন্তাপুর উপজেলায় সীমান্ত হত্যা,অবৈধ অনুপ্রবেশ এবং বাংলাদেশী নাগরিক কর্তৃক অন্যান্য আন্ত:সীমান্ত অপরাধ রোধকল্পে সচেতন করে তুলা ও বর্তমান করোনা পরিস্হিতিতে সীমান্তবর্তী এলাকায় বসবাসরত অসহায়,গরীব,হতদরিদ্র কয়েকশ পরিবারকে মানবিক সহায়তা কার্যক্রমের অংশ হিসেবে এ খাদ্য সহায়তা বিতরণ করা হয়। এ কর্মসুচীর আওতায় এর আগেও অনেকবার এভাবে খাদ্য সহায়তা বিতরণ সহ নানা কর্মসুচী চালিয়ে আসছে ৪৮ বিজিবি, সিলেট ব্যাটালিয়ন।
সিলেট ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্ণেল আহমেদ ইউসুফ জামিল, পিবিজিএম, পিএসসি বলেন, ব্যাটালিয়নের অধীনস্থ বিওপি এলাকায় সীমান্ত হত্যা,সীমান্ত অপরাধ রোধকল্পে দুস্থ্য পরিবারের মাঝে বিদ্যানন্দ ফাউন্ডেশন এর সার্বিক সহযোগিতায় এসব খাদ্য সামগ্রী প্রদান করা হয়। সীমান্তকে শান্ত রাখা এবং সীমান্তে সবধরনের অপরাধী তৎপরতা রোধকরা, সীমান্ত আইন সম্পর্কে স্হানীয় জনসাধারণকে আরো বেশি করে সচেতন করার লক্ষে বিজিব’র তৎপরতা সকল সময়ই অব্যাহত আছে।বর্তমান করোনা পরিস্হিতিতে সীমান্তবর্তী এলাকায় দরিদ্র মানুষজনের জন্য ৪৮ বিজিবি সিলেট ব্যাটালিয়ন এর মানবিক বিশেষ এ কার্যক্রম পরিচালনা করতে পেরে আমরা খুবই আনন্দিত। তিনি সীমান্তের শান্তি ও নিরাপত্তা বজায় রাখতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।
সামাজিক দূরত্ব বজায় রেখে প্রত্যেক পরিবারকে বিভিন্ন প্রকারের প্রায় ১১ কেজি করে খাদ্য সামগ্রী তাদের হাতে তুলে দেন সিলেট ব্যাটালিয়ন (৪৮ বিজিবি) এর অধিনায়ক লে: কর্ণেল আহমেদ ইউসুফ

জামিল ,   পিবিজিএম।